তারিখ 28 SEP 2016
পৃষ্ঠা ২ কলাম ৬

দৈনিক
আমাদের সময়

# ২০১৪ সালের অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষার ফল প্রকাশ

নিজস্ব প্রতিবেদক ●

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিত ২০১৪ সালের অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষার ফল গতকাল প্রকাশ করা হয়। এ পরীক্ষায় ২৮টি বিষয়ে সারা দেশে ৩১৮টি কলেজের ১,২৩,২৫৫ জন নিয়মিত পরীক্ষার্থী মোট ১৫৩টি কেন্দ্রে অংশগ্রহণ করে। উত্তীর্ণ হয়েছে ৯৯ হাজার ৫৭০ জন। পাসের হার ৮১.১৯ শতাংশ। জাতীয় বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ, তথ্য ও পরামর্শ দপ্তরের এক বিজ্ঞপ্তিতে এতথ্য জানানো হয়। এতে বলা হয়, প্রকাশিত ফল SMS-এর মাধ্যমে সন্ধ্যা ৭টা থেকে যে কোনো মোবাইল মেসেজ অপশনে গিয়ে nu<space>hp4<space> Roll লিখে ১৬২২২ নম্বরে Send করে এবং একইসময় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট এবং থেকে ফল জানা যাবে।

পৃথক একটি বিজ্ঞপ্তিতে বলা হয়, জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষে মাস্টার্স শেষ পর্ব (নিয়মিত) ভর্তি কার্যক্রমে ৩য় রিলিজ স্লিপের অনলাইন আবেদন ২৯ সেপ্টেম্বর ২০১৬ তারিখ বিকাল ৪টা থেকে শুরু হয়ে ৪ অক্টোবর ২০১৬ তারিখ রাত ১২টা পর্যন্ত চলবে।